



প্রেসিডেন্ট এরশাদ বৃহস্পতি গাজীপুরের (জয়দেবপুরে) জেলাসভায় ভাষণ দেন

অভ্যন্তরীণ সরকারগুলি লুটপাট করেছে : এরশাদ

ছাত্রদের নোংরা রাজনীতি থেকে দূরে রাখতে হবে

কেনারাদী (জয়দেবপুর), ২৫শে ফেব্রুয়ারী (বাসস)।— প্রেসিডেন্ট এইচ এম এরশাদ বলেছেন, সাময়িক সমস্যাগুলি উন্নত জীবন যাত্রা ও সুস্থ উন্নয়ন নিশ্চিত করতে সরকার জনগণের স্বার্থ সংরক্ষণে কাজ করে যাবেন।

আজ এখানে এক বিরাট জনসভায় ভাষণে প্রেসিডেন্ট বলেন, দেশের প্রশাসন পরিচালনার দায়িত্ব গৃহণের পর থেকে জনগণের আশা-আকাঙ্ক্ষাকে বাস্তব রূপ দিতে সরকার সম্ভাব্য সব প্রকল্প প্রসার চালিয়েছেন।

তিনি বলেন, যে জনগণ স্বাধীনতা বাস করতে চায় তারা আশা করে যে স্বাধীনতা তাদের জীবনে বয়ে আনবে, সুখী জীবন, অবসর

ঘটবে সব বক্ষণা অল্প শোষণের। কিন্তু, অভ্যন্তরীণ সরকারগুলির লুটপাটের কারণে জনগণের আশা-আকাঙ্ক্ষা বরষ বার ভুলে গিয়েছে।

এ প্রসঙ্গে প্রেসিডেন্ট এরশাদ তাঁর সরকার গৃহীত বিভিন্ন সংস্কারমূলক ব্যবস্থার কথা উল্লেখ করেন এবং বলেন, সরকারের এসব বলিষ্ঠ কাজের ফলে জনগণের মধ্যে আশ্বাস সৃষ্টি হয়েছে। ফরা দেশে বিশেষ করে গ্যামাগুলো নব-জাগরণ ও কর্মচাঞ্চল্য এসেছে।

তিনি বলেন গণমুখী উন্নয়ন নীতি আরো এগিয়ে নিয়ে আগামী ৫ই মার্চ থেকে তাঁর সরকার জমি সংস্কার আইনের

বিধান মোতাবেক ভূমিহীন কৃষকদের মধ্যে বাস ও বাড়তি জমি বন্টন শুরু করবেন। জমি মৌজা ভাবে স্বামী ও স্বীকে দেয়া হবে যাতে করে ভূমিহীন কৃষকদের স্বীরা তাদের স্বামীদের হাতে না জেহাল না হয়।

তিনি সমাজে দূস্থ মহিলাদের দুর্দশার কথা উল্লেখ করেন এবং ঘোষণা করেন যে প্রকৃত দূস্থ মহিলাসহ বাস জমি পাবেন যাতে করে তারা স্বচ্ছন্দে জীবন যাপন করতে পারেন।

তিনি গণতন্ত্রে তাঁর দৃঢ় বিশ্বাসের কথা পুনরাবৃত্তি করে বলেন, দেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠিত তাঁর সরকারের জাতি-কর্ম পরিণত করেছে।

তবে তিনি দৃষ্টি করে বলেন যে জাতীয় উন্নয়নে নিয়োজিত থাকার পরিবর্তে সংসদ মনে হয় সমালোচনা ও বক্তৃতায় মগ্ন হয়ে সীমিত রয়েছে এবং এমনকি ব্যক্তি বিশেষের সমালোচনাও করা হয়েছে।

তিনি বলেন গণতান্ত্রিক ব্যবস্থার নীতির বিরুদ্ধে সমালোচনা সব সময়েই হতে পারে, কিন্তু ব্যক্তি বিরুদ্ধে নয়।

প্রেসিডেন্ট সমাজের সচেতন নাগরিকদের প্রতি শিক্ষাপ্রতিষ্ঠানে সূত্র পরিবেশ বজায় রেখে ছাত্রদের জন্য উজ্জ্বল ভবিষ্যৎ নিশ্চিত করতে এগিয়ে আসার আহ্বান জানান।

তিনি বলেন, ছাত্রদের অবশ্যই রাজনীতির নোংরামি থেকে দূরে রাখতে হবে। কারণ, এ বছরের নোংরা রাজনীতির ফলে সর্বোচ্চ বিদ্যাপাঠকে সংঘব ও প্রতিদ্বন্দ্বিতা, তল ক্ষেপে, পরিণত করা হয়েছে।

পরিষ্কারিতর এত অবনতি ঘটবে যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো, বোমা চোরির কেন্দ্র, ৫-এর পত্র ঘরে

দূরে রাখতে হবে
(প্রথম পৃষ্ঠা পর)

পরিণত হয়েছে।

প্রেসিডেন্ট বলেন, রাজনীতিতে জড়িত ছাত্ররা শেষ পর্যন্ত তাদের নিজস্বের এবং তাদের বাবা-মা ও দেশেরই ক্ষতি করে আনেন। অর্থাৎ যে রাজনীতিকরা তাদের ব্যবহার করেছেন তাদের কোন ক্ষতি হয় না বরং তারা এর থেকে ফায়দা লেটেন।

পরিষ্কারিত এভারব চলতে থাকলে দেশে মেধার অভাব দেখা দেবে বলে তিনি মন্তব্য করেন।

এর আগে সভায় হাসানউদ্দীন সরকার ও স্থানীয় উপজেলা চেয়ারম্যানও বক্তৃতা করেন।

উপপ্রধানমন্ত্রী মওদুদ আহমেদ, শিক্ষামন্ত্রী মহবুবুর রহমান শাম ও জনশক্তি মন্ত্রী এম এ রশীদ, শিল্প প্রতিমন্ত্রী মোসবাহউদ্দীন আহমেদ, প্রতিমন্ত্রী এ সলাম ও উপমন্ত্রী এ গফফার বীর প্রতীক উপস্থিত ছিলেন।